**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 15-06-24** **Desk in Charge :**

**Time : 7-35 AM** **Compiling :**

**Morning /Day /Evening National/ Regional/ General**

**Opening Announcement –** আকাশবাণী / খবর পড়ছি –

## বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যে ভোট পরবর্তী হিংসায় ক্ষুব্ধ রাজ্যপাল, মুখ্যমন্ত্রীকে চিঠি দিচ্ছেন।

# আক্রান্তদের নিয়ে রাজ্যপালের সঙ্গে দেখা করতে, বিরোধী দলনেতাকে নতুন করে আবেদন করতে হবে বলে হাইকোর্ট জানিয়েছে।

২) রাজ্যের চারটি বিধানসভা আসনের উপনির্বাচনে তৃণমূল কংগ্রেস সবকটিতে এবং বামফ্রন্ট তিনটি আসনে দলীয় প্রার্থীদের নাম ঘোষণা করেছে।

৩) লোকসভা নির্বাচনের ফলাফল পর্যালোচনায় আজ বিজেপি কোর কমিটি বৈঠকে বসছে।

৪/ খাদ্য দপ্তরে সাব ইন্সপেক্টার নিয়োগের পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে CID, নদীয়া থেকে দুজনকে গ্রেপ্তার করেছে।

৫/ রাজ্য সরকার পরিবেশ বান্ধব বা সবুজ বাজির ক্লাস্টার তৈরীর জন্য এখনো পর্যন্ত ৪০ একর জমি চিহ্নিত করেছে।

৬/ আগামী চার পাঁচ দিনের মধ্যে দক্ষিণবঙ্গে বর্ষা ঢুকবে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর। # লাগাতার বৃষ্টিতে ধসের জেরে সিকিমে আটকে হাজারের বেশী পর্যটক।

*************************************************************

রাজ্যে ভোট পরবর্তী হিংসার ঘটনায় ক্ষুব্ধ রাজ্যপাল সি ভি আনন্দ বোস, মুখ্যমন্ত্রীকে চিঠি দিচ্ছেন। গতকাল তিনি কলকাতার মাহেশ্বরি ভবনে ভোট পরবর্তী হিংসায় ঘরছাড়া কয়েকটি পরিবারের সঙ্গে দেখা করেন। পরে রাজভবনে এক সাংবাদিক বৈঠকে সাম্প্রতিক ঘটনা প্রবাহ এবং আক্রান্তদের নিয়ে তাঁর সঙ্গে দেখা করতে আসা বিরোধী দলনেতাকে রাজভবনে ঢুকতে না দেওয়ার ব্যাপারে তীব্র ক্ষোভ প্রকাশ করেন।

( বাইট- রাজ্যপাল ৭-৩৫)

রাজ্যপাল বলেন, তিনি কাউকে রাজভবনে ডাকলে তাঁকে আটকানোর ক্ষমতা কারো নেই। তিনি সরকারের কাছে রিপোর্ট তলব করলে সরকার তার জবাব দিতে বাধ্য। অথচ গত বৃহস্পতিবার তিনি মুখ্যসচিব ও স্বরাষ্ট্র সচিবের কাছে রিপোর্ট তলব করলেও এখনো জবাব পাননি। রাজ্য সরকার এভাবে সংবিধান লঙ্ঘন করলে তার ফল ভুগতে হবে হবে বলে রাজ্যপাল হুঁশিয়ারি দিয়েছেন।

এদিকে, রাজ্যে ভোট পরবর্তী হিংসায় 'আক্রান্ত'দের নিয়ে রাজ্যপালের সঙ্গে দেখা করতে চাইলে নতুন করে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে আবেদন করতে হবে। রাজভবন অনুমতি দিলে, তবেই সেখানে যাওয়া যাবে বলে জানিয়েছেন, কলকাতা হাইকোর্টের বিচারপতি অমৃতা সিনহা। রাজভবনে কত জন লোক যাবেন, কতগুলি গাড়ি থাকবে, সেই সংখ্যা জানাতে হবে পুলিশকে।

উল্লেখ্য, ভোট পরবর্তী হিংসায় আক্রান্তদের নিয়ে রাজভবনে গেলে পুলিশ তাঁদের সেখানে ঢুকতে বাধা দিয়েছে বলে অভিযোগ করে বিরোধী দলনেতা, পুলিশের ওই পদক্ষেপের বিরুদ্ধে হাইকোর্টের দ্বারস্থ হন। ছ'সপ্তাহ পরে এই মামলার শুনানি।

********************

রাজ্যের বিভিন্ন জেলায় ভোট পরবর্তী হিংসা অব্যাহত।

উত্তর ২৪ পরগণার বসিরহাটের পিফার বাঁশতলা এলাকায় গতকাল একদল দুষ্কৃতী, এক তৃণমূল কংগ্রেস কর্মীকে লক্ষ্য করে কয়েক রাউন্ড গুলি চালায় বলে অভিযোগ।

আলতাফ আলি নামে ওই ব্যক্তি সেইসসময়  বাজার থেকে বাড়ি ফিরছিলেন। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় তীব্র উত্তেজনা ছড়ায়। আহত ওই তৃণমূল কর্মীকে প্রথমে বসিরহাট হাসপাতালে ভর্তি করা হয়।  পরে কলকাতার আর জি কর হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে।

ঘটনাস্থল থেকে উদ্ধার হয়েছে ব্যাগ ভর্তি তাজা বোমা। দুষ্কৃতীদের কাছে ওই বোমাগুলি ছিল বলে খবর। এলাকার মানুষ গুলির আওয়াজ শুনে ছুটে আসায় তারা বোমাগুলি ফেলে পালায়।

********************

পূর্ব মেদিনীপুরের কাঁথি লোকসভা কেন্দ্রে বিজেপি প্রার্থীর কাছে তৃণমূল কংগ্রেস প্রার্থী পরাজিত হওয়ার পর সেখানে তৃণমূল কর্মীদের ওপর অত্যাচার চালানো হচ্ছে বলে অভিযোগ।

এর প্রেক্ষিতে সেখানে আক্রান্তদের সঙ্গে কথা বলার জন্য তৃণমূল কংগ্রেস নেত্রী মখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির নির্দেশে এক প্রতিনিধি দল সেখানে যায়। ছিলেন মন্ত্রী শিউলি সাহা, বীরবাহা হাঁসদা ও তৃণমূল নেতা কুণাল ঘোষ।

আক্রান্তদের সঙ্গে কথা বলার পর তাঁরা সেখানে এক জনসভায় অংশ নেন।

********************

রাজ্যের চারটি উপ নির্বাচনের জন্য তৃণমূল কংগ্রেস ও বামফ্রন্ট প্রার্থীর তালিকা প্রকাশ হয়েছে। তৃণমূল কংগ্রেস, প্রার্থীদের নাম ঘোষণা করেছে।

কলকাতার মানিকতলায় প্রয়াত বিধায়ক ও মন্ত্রী সাধন পান্ডের স্ত্রী সুপ্তি পান্ডেকে প্রার্থী করেছে। রাজ্যসভার সাংসদ মমতাবালা ঠাকুরের মেয়ে মধুপর্ণা ঠাকুরকে বাগদা কেন্দ্রে থেকে প্রার্থী করা হয়েছে। রানাঘাট দক্ষিণে এবং রায়গঞ্জ আসনে আগের বিধায়করাই প্রার্থী হয়েছেন। রায়গঞ্জে দাঁড়িয়েছেন কৃষ্ণ কল্যাণী এবং রাণাঘাট দক্ষিণে মুকুটমণি অধিকারী।

**বামফ্রন্টও** তিনটি আসনে প্রার্থীদের নাম ঘোষণা করেছে। বাগদায় প্রার্থী হচ্ছেন ফরোয়ার্ড ব্লকের গৌর বিশ্বাস, রানাঘাট দক্ষিণে প্রার্থী সিপিআইএম-এর অরিন্দম বিশ্বাস এবং মানিকতলা আসনে প্রার্থী হচ্ছেন রাজীব মজুমদার। তবে রায়গঞ্জ আসনে কোনো প্রার্থীর নাম এখনো ঘোষণা করা হয়নি।

এরাজ্যের চারটি সহ সাতটি রাজ্যের ১৩ টি বিধানসভা আসনের উপনির্বাচনের বিজ্ঞপ্তি গতকাল জারি হয়েছে, চলছে মনোনয়ন প্রক্রিয়া। ভোট নেওয়া হবে ১০ই জুলাই। ১৩ ই জুলাই ভোটগণনা। মনোনয়ন দাখিল করা যাবে ২১শে জুন পর্যন্ত। ২৬শে জুন প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন।

*******************

লোকসভা নির্বাচনের ফলাফল পর্যালোচনায় আজ বৈঠকে বসছে রাজ্য বিজেপি কোর কমিটি। বৈঠকে যোগ দেবেন, কেন্দ্রীয় মন্ত্রী তথা রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। ২৪ জন সদস্যই শীর্ষ কমিটির এই বৈঠকে থাকবেন বলে মনে করা হচ্ছে।

*******************

রাজ্য পাবলিক সার্ভিস কমিশন-PSC-র মাধ্যমে খাদ্য দপ্তরে সাব ইন্সপেক্টার নিয়োগের পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে CID, নদীয়ার কল্যাণী ও ধুবুলিয়া থেকে শঙ্কর বিশ্বাস ও পাপাই দাস নামে দুজনকে গ্রেপ্তার করেছে। গতকাল তাদের আলিপুর আদালতে তোলা হলে, বিচারক জামিন মঞ্জুর করেন।

এই চক্রের মূল পান্ডা ধৃত শঙ্কর বিশ্বাস, প্রিন্সিপাল অ্যাকাউন্ট জেনারেলের CGO কমপ্লেক্স দপ্তরে সিনিয়ার অডিটারের কাজ করেন। তাঁর কাছ থেকে ১১'টি মোবাইল ফোন, দুটি হার্ড ডিস্ক, একটি পেন ড্রাইভ, আইপ্যাড ও নানা ব্যাঙ্কের পাশবই উদ্ধার হয়েছে।

উল্লেখ্য, গতবছর মার্চ মাসে ৪৮০টি শূণ্য সাব ইন্সপেক্টার পদে নিয়োগের জন্য খাদ্য দপ্তরের পক্ষ থেকে বিজ্ঞপ্তি জারি করা হয়। CID-র অভিযোগ, পরীক্ষার আগেই প্রশ্নপত্র ফাঁস হয়ে যায়। রাজ্যের বিভিন্ন জায়গায়, প্রশ্ন ফাঁসের

বিরুদ্ধে মামলা দায়ের হয়। পরে কলকাতা হাইকোর্ট সব মামলাকে যুক্ত করে ADG CID-কে তদন্তের নির্দেশ দেয়।

*******************

রাজ্য সরকার পরিবেশবান্ধব বা সবুজ বাজির ক্লাস্টার তৈরির জন্য এখনও পর্যন্ত ৪০ একর জমি চিহ্নিত করেছে। সাতটি জেলায় চিহ্নিত এই জমির মধ্যে দক্ষিন চব্বিশ পরগনায় সবচেয়ে বেশি ১৬ একর জমি চিহ্নিত করা হয়েছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। এই সব জমিতে বাজি প্রস্তুতকারী ইউনিটের পাশাপাশি বিক্রয় ইউনিট তৈরির পরিকল্পনাও করা হয়েছে।
অন্যদিকে কোন ব্যবসায়ী সবুজ বাজির জন্য জমি কিনে কারখানা তৈরি করতে চাইলে সরকারের তরফে তিন কিস্তিতে প্রকল্পের মোট খরচের ৯০ শতাংশ টাকা দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

*******************

রাজ্যের হস্তশিল্পী ও কারিগরদের তৈরি এবার মিলবে দুবাইয়ের বাজারে। সব ঠিক থাকলে চলতি বছরেই এই উদ্যোগ প্রাতিষ্ঠানিক রূপ পেতে চলেছে। এইসব পণ্যের প্যাকেজিং এবং মার্কেটিং নিয়ে দুবাইয়ের এক সংস্থার সঙ্গে প্রাথমিক পর্যায়ের আলোচনা হয়েছে। খুব শীঘ্রই দুবাই থেকে এক প্রতিনিধি দল রাজ্যে আসতে পারে। তারপরেই এই ব্যপারে পদক্ষেপ চূড়ান্ত হবে বলে নবান্ন সূত্রে জানা গেছে।

*******************

'শিলিগুড়ি-জলপাইগুড়ি ডেভলপমেন্ট অথরিটি' SJDA –এর চেয়ারম্যান পদ থেকে সৌরভ চক্রবর্তীকে সরিয়ে দেওয়া হয়েছে।
রাজ্য সরকারের নগরোন্নয়ন ও পুরসভা বিষয়ক দপ্তরের প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, দার্জিলিংয়ের জেলাশাসককে ওই পদের দায়িত্ব দেওয়া হয়েছে।

*******************

কলকাতার অ্যাক্রোপলিস মলে গতকালের অগ্নিকান্ডের ঘটনার প্রেক্ষিতে,

বিজেপি কলকাতার বিভিন্ন বহুতল আবাসন ও বাজারে অগ্নি নির্বাপন ব্যবস্থা খতিয়ে দেখতে অভিযান চালাবে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য মুখপাত্র শমীক ভট্টাচার্য জানিয়েছেন, বিজেপি পরিষদীয় দলের সদস্যরা কয়েকটি দলে ভাগ হয়ে শহরের বহুতল আবাসন ও বাজারগুলিতে অগ্নি নির্বাপন ব্যবস্থা ও পর্যাপ্ত জলের ব্যবস্থা সঠিক আছে কিনা এবং প্রতিবছর ফায়ার অডিট হয় কিনা তা খতিয়ে দেখবে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এই অভিযানের সূচনা করবেন। শ্রী ভট্টাচার্য অভিযোগ করেন, তৃণমূল কংগ্রেসের অনিয়ন্ত্রিত শাসন ব্যবস্থার কারণে শহরের বিভিন্ন এলাকায় নিয়ম বহির্ভূতভাবে বহুতল আবাসন গড়ে উঠেছে। শহরে প্রায় প্রতিদিনই অগ্নিকাণ্ডের ঘটনা ঘটছে। তিনি এবিষয়ে দমকল মন্ত্রীর বিবৃতি দাবি করেছেন।

*******************

পশ্চিম বর্ধমানের আসানসোল পৌর এলাকার ১০ নং ওয়ার্ডের জামুরিয়ার নিঘায় রেশনের সামগ্রী না মেলায় বাসিন্দারা রাস্তায় বসে বিক্ষোভ দেখান।
অভিযোগ, প্রায় তিন মাস ধরে ডিলার তাঁদের রেশন দিচ্ছে না।
গতকাল রেশন দেওয়ার কথা থাকায় সকাল থেকে দোকানের সামনে লম্বা লাইন পড়ে। কিন্তু রেশন না মেলায় ক্ষোভে ফেটে পড়েন গ্রাহকরা।
পরিস্থিতি সামাল দিতে ঘটনাস্থলে যায় জামুরিয়া থানার পুলিশ।

*******************

কুয়েতে শ্রমিক আবাসনে অগ্নিকান্ডের ঘটনায় মৃত এ'রাজ্যের শ্রমিক দ্বারিকেশ পট্টনায়েকের দেহ গতকাল তাঁর বাড়ি মেদিনীপুর শহরের শরৎপল্লীতে পৌঁছালে, এলাকায় শোকের ছায়া নেমে আসে। আদতে পশ্চিম মেদিনীপুরের দাঁতন দু-নম্বর ব্লকের তুড়কাগড়ের বাসিন্দা বছর ৫২-এ র দ্বারিকেশবাবু , গত কুড়ি বছর ধরে কুয়েতের একটি সংস্থায় কাজ করতেন।
উল্লেখ্য, গত বুধবার কুয়েতের এক শ্রমিক আবাসনে অগ্নিকাণ্ডের ঘটনায় দ্বারিকেশ পট্টনায়েক সহ ৪৫ জন ভারতীয়র মৃত্যু হয়।

*******************

সিভিল সার্ভিস প্রিলিমিনারি পরীক্ষার্থীদের সুবিধার্থে পূর্ব রেল আগামীকাল (রবিবার) অতিরিক্ত ট্রেন চালাবে।

মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র জানিয়েছেন, হাওড়া ডিভিশনে সকাল সাতটা থেকে সন্ধ্যে ৬'টা পর্যন্ত চলবে অতিরিক্ত EMU লোকাল।

ঐ দিন মোট্রে রেল ব্লু লাইনে অতিরিক্ত ট্রেন চালাবে। মেট্রো রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র একথা জানিয়ে বলেন, ওই দিন অন্যান্য রবিবার এর মত মোট ১৩০ টি র পরিবর্তে আপ ও ডাউন মিলিয়ে মোট ১৩৮ টি ট্রেন চালানো হবে। প্রথম পরিষেবার সময় ঘন্টা দুয়েক এগিয়ে আনা হলেও শেষ পরিষেবার ক্ষেত্রে সময় সূচি অপরিবর্তিত থাকবে বলে মেট্রো রেল সূত্রের খবর।

********************

উত্তর কলকাতার কাশী মিত্র বৈদ্যুতিক শ্মশান ঘাটে শবদাহ, জরুরী সংস্কারের জন্য এক সপ্তাহ বন্ধ রাখা হবে।

পুরসভার তরফ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, আগামীকাল অর্থাৎ ১৬ই জুন সকাল আটটা থেকে ২৩ শে জুন সকাল আটটা পর্যন্ত এই ঘাটে শবদাহ বন্ধ থাকবে।

********************

আগামী চার পাঁচ দিনের মধ্যে দক্ষিণবঙ্গে বর্ষা ঢুকবে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাভাসে জানানো হয়েছে। তার আগে বিক্ষিপ্তভাবে প্রাক বর্ষার বৃষ্টির সম্ভাবনা রয়েছে। উত্তর প্রদেশ থেকে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন জেলাগুলি হয়ে পূর্ব মেঘালয় পর্যন্ত একটি অক্ষরেখা বিস্তৃত রয়েছে। দক্ষিণবঙ্গের কয়েকটি জেলায় বজ্রবিদ্যুত্ সহ বৃষ্টি ও ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা।

এছাড়াও বায়ুমন্ডলে প্রচুর জলীয় বাষ্প প্রবেশ করায় আগামী কয়েকদিন উত্তরবঙ্গে কয়েকটি জেলায় ভারি থেকে অতি ভারি বৃষ্টি হতে পারে। জলপাইগুড়ি, কালিম্পং, আলিপুরদুয়ারে অতি ভারি বৃষ্টির লাল সতর্কতা জারি হয়েছে। ভারি বৃষ্টি হতে পারে কোচবিহার, দার্জিলিং, দুই দিনাজপুর ও মালদা জেলায়।

********************

প্রবল বৃষ্টিতে তিস্তার জল ঢুকে পড়ায় প্লাবিত মালবাজার মহকুমার ক্রান্তি ব্লকের বেশ কিছু এলাকা। বাঁধের উপর আশ্রয় নিয়েছেন শতাধিক মানুষ। প্রশাসনের দেওয়া ত্রিপলেই ভরসা তাদের। ত্রাণ নিয়ে ক্ষোভ মানুষের মধ্যে। গত বৃহস্পতিবার কিছু শুকনো খাবার পেলেও তারপর আর কোনো খাবার পাননি বলে অভিযোগ।

********************

লাগাতার বৃষ্টিতে ধসের জেরে বিপর্যস্ত উত্তর সিকিম। লাচুং এর সঙ্গে গোটা রাজ্যেরই যোগাযোগ বিচ্ছিন্ন । রাজ্য সরকার জানিয়েছে, বিপর্যয়ের জেরে সিকিমে এখনও ১২০০ পর্যটক আটকে রয়েছেন। জেলা প্রশাসন সূত্রে খবর, মঙ্গন ও চুংথাংয়ের সংযোগকারী বেইলি সেতুটি ভেঙে গিয়েছে। ধসের জেরে বহু রাস্তা বন্ধ। সড়কপথেও কী ভাবে পর্যটকদের উদ্ধার করা সম্ভব, তা-ও দেখা হচ্ছে। সিকিমের পরিস্থিতির জেরে বিপর্যস্ত ১০ নম্বর জাতীয় সড়ক। এই পরিস্থিতিতে পর্যটকের যাতায়াতের জন্য বিকল্প পথ বলে দিয়েছে কালিম্পঙের জেলা প্রশাসন।

জানানো হয়েছে, ছোট গাড়ি আপাতত মানসং-১৭ মাইল-আলগাড়া-লাভা-গরুবাথান হয়ে শিলিগুড়ি যাতায়াত করতে পারবে। তুলনামূলক বড় এবং ভারী গাড়িগুলি পেডং-আলগাড়া-লাভা-গরুবাথান হয়ে শিলিগুড়ি পৌঁছতে পারবে। পাশাপাশি কালিম্পং থেকে দার্জিলিং যাওয়ার জন্য ২৭ মাইল থেকে তিস্তা ভ্যালি হয়ে পৌঁছনো যাবে বলে জানিয়েছে প্রশাসন।

************************************************************